# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮০৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - সালাতের নিয়ম-কানুন

## আরবী

وَعَنْ عِكْرِمَةَ قَالَ: صَلَّيْتُ خَلْفَ شَيْخٍ بِمَكَّةَ فَكَبَّرَ ثِنْتَيْنِ وَعِشْرِينَ تَكْبِيرَةً فَقُلْتُ لِابْنِ عَبَّاسٍ: إِنَّهُ أَحْمَقُ فَقَالَ: ثَكَلَتْكَ أُمُّكَ سُنَّةُ أَبِي الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. رَوَاهُ الْبُخَارِيُّ

## বাংলা

৮০৭-[১৮] ’ইকরিমাহ্ (রহঃ) বলেন, আমি মক্কায় এক শায়খের পিছনে [আবূ হুরায়রাহ্ (রাঃ)] সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছি। তিনি সালাতে মোট বাইশবার তাকবীর বললেন। আমি ’আবদুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ)-এর কাছে বললাম, (মনে হচ্ছে) এ লোকটি নির্বোধ। এ কথা শুনে ইবনু ’আব্বাস (রাঃ) বললেন, তোমার মা তোমাকে হারিয়ে ফেলুক, এটা তো ’আবুল কা-সিম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর সুন্নাত। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭৮৮, আহমাদ ২৬৫৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: সে বৃদ্ধ লোকটি আবূ হুরায়রাহ্ (রাঃ) যেমন- তার নাম সহ এসেছে আহমাদ, ত্বহাবী, ত্বারানী-এর রিওয়ায়াতের মধ্যে। চার রাক্‘আত বিশিষ্ট সালাতে ২২টা তাকবীর হয়। শুরু তাকবীর, ক্বিয়ামের তাকবীর, তাশাহুদের সময়। কেননা প্রত্যেক রাক্‘আতে ৫টি তাকবীরই আছে- ৪ রাক্‘আতে মোট ২০টি। তারপর শুরু তাকবীর ও দু‘ রাক্‘আতের পর উঠার সময় তাকবীরসহ মোট ২২টি।

‘‘তোমার মা তোমাকে হারিয়ে ফেলুক’’ বলা গালি অর্থে ব্যবহার হয়নি। এটা একটি আরবের সামাজিক প্রথা বা রিওয়াজ অনুযায়ী প্রবাদ বাক্য। কোন কিছুর প্রতি গুরুত্ব প্রদান, চমক সৃষ্টি, বিরাগ প্রদর্শন ও বিস্ময় প্রকাশার্থে এ বাক্যগুলোর ব্যবহার হয়ে থাকে। সুতরাং এটাও একটি বাগধারা। অভিসম্পাত ঘৃণা প্রকাশ ইত্যাদির উদ্দেশে বলা

হয় না।

‘তোমার মা তোমাকে হারাক’। এটা একটি তিরস্কার সূচক বাক্য। বানী ‘উমাইয়্যার শাসন আমলে উচ্চৈঃস্বরে তাকবীর বলার নিয়ম পরিত্যাগ করা হয়েছিল। ‘ইকরিমাহ্ তাকবীর বলার নিয়ম জানতেন না। এতে আশ্চর্য হয়ে ইবনু ‘আব্বাস (রাঃ) তাকে তিরস্কার করছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55366

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন